

গান

কথা ও শুর - কবি নজরুল ইসলাম

ছায়ানট—একতালা (জনদ্)

দোলা লাগিল দখিণার বনে বনে ।
বাঁশরী বাজিল ছায়ানটে মনে মনে ।
চিত্তে চপল-নৃত্যে কে
ছন্দে ছন্দে যায় ডেকে,
যৌবনের বিহঙ্গ ঐ ডেকে ওঠ ফণে ফণে ॥
বাজে বিজয়-ডঙ্কা তারি
এল তরুণ ফাল্গুনী,
জাগো যুমন্ত জাগো যুমন্ত
দিকে দিকে ঐ গান শুনি !
টুটিল সব অন্ধকার
খোলো খোলো বন্ধ দ্বার,
বাহিরে কে যাবি আয় সে শুধায়
জনে জনে ॥

স্বরলিপি—শ্রীনলিনীকান্ত সরকার

		ক্ষা	পা	ধা		গা	মা	পা		রা	-১	রা		সা	-১	-১	
		দো	°	°		লা	°	°		লা	°	গি		ল	°	°	
রা	গা	সরা		পা	-১	-১		সনা	ধপা	ক্ষপা		ক্ষপা	ধনা	স'রা			
দ	°	°	খি		ণা	°	র		ব	°	নে		ব	°	°	নে	
	রা	গা	সরা		পা	-১	-১		মা	গমা	রা		সা	-১	-১		
	বা	°	শ		রী	°	°		বা	°	জি		ল	°	°		
রা	গা	গা		ধা	গধা	পা		পা	স'া	নস'া		ধা	গধা	পা			
ছা	°	য়া		ন	°	টে		ম	°	নে		ম	°	নে			

পা	-১	পা	না	ধা	না	সা	-১	সা	সা	-১	-১
চি	ত্	তে	চ	প	ল	নু	ত্	তে	কে	০	০
গর্না	সর্না	ধা	রর্না	নধা	পা	পা	ক্ষা	ধা	পা	-১	-১
ছ	ন্	দে	ছ	ন্	দে	যা	য়	ডে	কে	০	০
সা	সা	মা	গা	গা	মা	রা	-১	রা	সা	-১	-১
যৌ	০	ব	নে	র	বি	হ	০	ক্ষ	ত্রি	০	০
গা	-১	মা	গমা	পধা	না	সনা	ধপা	ক্ষা	ক্ষপা	ধনা	সা
ডে	০	কে	উ	০	ঠে	ক্ষ	০	ণে	ক্ষ	০	ণে
রা	রা	গা	মা	পা	পা	পরা	রা	গা	মা	ধা	পা
বা	০	জে	বি	জ	য়	ড	ঙ্	কা	তা	০	রি
মরা	-১	গা	মা	গা	ধপা	মা	গমা	রা	সা	-১	-১
এ	০	ল	ত	রু	ণ	ফা	ল্	শু	নী	০	০
গ	গা	মা	সা	-১	সা	গা	গা	মা	সা	-১	সা
জা	গো	ঘু	ম	ন্	ত	জা	গো	ঘু	ম	ন্	ত
সর্না	ধা	না	সা	র্না	-১	সর্না	সর্ধা	ধা	পা	-১	-১
দি	কে	দি	ফে	ত্রি	০	গা	ন	শু	নি	০	০
পা	ক্ষা	ধা	পা	না	ধা	সা	-১	সা	সা	-১	-১
টু	০	টি	ল	স	ব	অ	ন্	ধ	কা	০	র
গর্না	সর্না	ধা	রর্না	নধা	পা	পা	ক্ষা	ধা	পা	-১	পা
খো	০	লো	খো	০	লো	ব	ন্	ধ	ছা	০	র

সাঁ	-১	মাঁ	গাঁ	১	মা	রাঁ	-১	রাঁ	সাঁ	-১	-১
বা	০	হি	রে	০	কে	বা	০	বি	আ	০	য়
সাঁ	গাঁ	মাঁ	সাঁ	-১	-১	সাঁ	ধপা	ক্ষপা	ক্ষপা	ধপা	সাঁ
সে	০	শু	ধা	০	য়	জ	০	নে	জ	০	নে

মাটির প্রতিমা

শ্রীপ্রতিভা ঘোষ

মাটির প্রতিমা মিলেনা কি তাই শত আবাহনে সাড়া !
 স্তব্ধ চরণ, দূর নীলিমায় নয়ন নিমেষ-হারা !
 অর্দ্ধবিংশ বাহু চিরদিন পাষণের মত থির !
 অশ্রু-বন্যা উথলে এ চোখে, শুষ্ক ও আঁখি-নীর !
 লক্ষ আঁখির জল-কল্লোল বশুধা কাঁপায়ে চলে,
 জননীর স্নেহ চির-নিদ্রিতা পাষণ বুকের তলে !
 নয়ন সলিলে বাথার কমল শত দল মেলি চায়,
 চয়ন করিয়া এনেছি পাষণী দিতে তা পাষণ পায় !
 কত কাল আর রহিবে জননী মৃন্ময় আবরণে ?
 নিখিল বিশ্ব তোমাতে প্রকাশ দেখাও ব্যথিত জনে !
 চাঁচর ব্যোম্ অপলকে আজি আছে তোমা' পানে চেয়ে,
 তোমার নিদ্রা ভাঙাতে চায় মা বোধনের গন গেয়ে ।
 ফেলি' আবরণ জাগো মা জননী, ব্যথিতা তনয়া ডাকে,
 সকল বেদনা লুটাবে চরণে হেরি' চিন্ময়ী মা'কে !